

প্রাথমিক শিক্ষায় আসছে নতুন সুখবর

অনলাইন ডেক্স

প্রকাশিত: ২২:৪২, ৭ মে ২০২৫; আপডেট: ২২:৪৯, ৭ মে ২০২৫



ছবি: সংগৃহীত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন ও স্বচ্ছতা নিশ্চিতে বড় উদ্যোগ নিতে যাচ্ছে সরকার। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে গঠিত হতে যাচ্ছে নতুন একটি পূর্ণাঙ্গ অধিদপ্তর—‘প্রাথমিক শিক্ষা পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিদপ্তর’। এই অধিদপ্তর গঠনের প্রস্তাব ইতোমধ্যেই চূড়ান্ত পর্যায়ে রয়েছে।



নতুন এই অধিদপ্তর গঠনের মাধ্যমে প্রাথমিক শিক্ষার মান পরিবীক্ষণ, মূল্যায়ন, গবেষণা এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন কার্যক্রম পরিচালনা করা হবে। একইসঙ্গে প্রাথমিক শিক্ষা সংক্রান্ত তথ্য-উপাত্তের ডাটাবেজ সংরক্ষণ, বিশ্লেষণ ও প্রচারের কাজও করবে অধিদপ্তরটি।

এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ড. আবু শাহীন মো. আসাদুজ্জামান গণমাধ্যমকে জানান, এটির প্রস্তাব করা হয়েছে এবং একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির সুপারিশ অনুযায়ীই পরবর্তী সিদ্ধান্ত নেবে মন্ত্রণালয়।

জানা গেছে, নতুন অধিদপ্তরটি গঠিত হবে বিদ্যমান 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট'কে রূপান্তর করে। গত ১৯ মার্চ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ইউনিটটির দাপ্তরিক স্ট্যাটাস নির্ধারণের লক্ষ্যে এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মন্ত্রণালয়ের সচিব আবু তাহের মো. মাসুদ রানা এবং উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের উপদেষ্টা ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার।